সেভ দ্য চিলড্রেন

‘নব জীবন’-বহুবার্ষিক সহায়তা কর্মসূচীর সার-সংক্ষেপ

(জুন ২০১০ - মে ২০১৫)

পাঁচ বছর মেয়াদী ‘নব জীবন’ কর্মসূচী বরিশাল বিভাগের নয়টি উপজেলার ১,৯১,০০০ প্রত্যক্ষ উপকারভোগী পরিবারের খাদ্য অনিরাপত্তা ও ঝুঁকি কমিয়ে আনার লক্ষ্যে প্রণীত হয়েছে। দুর্যোগ-পূর্ব সতর্কীকরণ ও দুর্যোগকালীন পরিস্থিতি মোকাবেলার ক্ষমতা বৃদ্ধিতেও এই কর্মসূচী কাজ করছে, যার উপকারিতা পরোক্ষভাবে বরিশাল বিভাগের সব এলাকায় পরিলক্ষিত হবে। ‘নব জীবন’ কর্মসূচী ৯টি উপজেলার ৭৯টি ইউনিয়নে ১,৩০০ এর অধিক গ্রামের মোট ৪,১৯,২৪৭টি পরিবারের ৮৯ শতাংশের মধ্যে বাস্তবায়িত হচ্ছে। কর্মসূচীর জন্য নির্বাচিত উপজেলাগুলো হলোঃ **বরিশাল জেলার** - বরিশাল সদর, হিজলা ও মেহেন্দিগঞ্জ; **পটুয়াখালী জেলার** - দশমিনা, গলাচিপা ও কলাপাড়া এবং **বরগুনা জেলার** - আমতলী, বরগুনা সদর ও পাথরঘাটা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ এবং বাংলাদেশস্থ সেভ দ্যা চিলড্রেন-ইউএসএ এর মধ্যকার স্বাক্ষরিত ‘হোস্ট কান্ট্রি এগ্রিমেন্ট’ অনুসারে সরকারের বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগের সহায়তায় যৌথভাবে ‘নব জীবন’ কর্মসূচী বাস্তবায়িত হচ্ছে। বাংলাদেশ সরকারের জাতীয় স্বাস্থ্য ও খাদ্য নিরাপত্তা নীতিমালা এবং ইউএসএআইডি’র বাংলাদেশের জন্য অগ্রাধিকার কর্মসূচীর সাথে সমতা রেখে এই কর্মসূচীর তিনটি কৌশলগত উদ্দেশ্য নির্ধারণ করা হয়েছে। কৌশলগত উদ্দেশ্যসমূহের সাথে সংগতি রেখে ‘নব জীবন’ বাস্তবায়নের লক্ষ্যে বিবিধ কর্মসূচী ও ফলাফলের সারাংশ নিম্নে বর্ণিত হলো ঃ

কৌশলগত উদ্দেশ্য	ইন্টারভেনশন ও আউটপুটসমূহ
১। মা ও শিশু স্বাস্থ্য এবং পুষ্টিঃ পাঁচ বছরের কম বয়সের শিশু ও গর্ভবতী মহিলা/দুগ্ধদানকারী মায়ের স্বাস্থ্য ও পুষ্টির উন্নয়ন। লক্ষ্যমাত্রা ঃ ১,৮৬,৯৩০ পরিবার	☐ ১,৩১৭টি ‘ভিলেজ হেল্থ কমিটি’ গঠন পূর্বক তাদেরকে কমিউনিটি কেইস ম্যানেজমেন্ট (CCM), আইএমসিআই (IMCI) এবং দীর্ঘস্থায়ী ও স্বল্পকালীন অপুষ্টি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা। ☐ কমিউনিটি ও সরকারের সকল স্বাস্থ্য সেবা প্রদানকারীকে অত্যাবশ্যকীয় পুষ্টি কার্যক্রমের (Essential Nutrition Action-ENA) প্রশিক্ষণ প্রদান করা। ☐ প্রায় ১,৮৬,৯৩০টি পরিবারের জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ও কমিউনিটির যৌথ সহযোগিতায় ‘গ্রোথ মনিটরিং এন্ড প্রমোশন’ (GMP) সেশনের ব্যবস্থা করা এবং গর্ভবতী মায়ের সেবা নিশ্চিত করা । ☐ প্রতিমাসে গড়ে প্রায় ৬০,০০০ উপকারভোগী যারা মাসিক GMP সেবা বা গর্ভকালীন সেবা গ্রহণ করবে তাদের মধ্যে পুষ্টি রেশন হিসাবে গম, ডাল, ও ভেজিটেবল অয়েল বিতরণ করা।
২। বাজার ভিত্তিক উৎপাদন ও আয় বৃদ্ধিঃ দরিদ্র ও অতি দরিদ্র পরিবারসমূহের উৎপাদন ও ক্রয় ক্ষমতা বাড়ানো, যাতে তারা সহজে খাদ্য সংগ্রহ করতে পারে।	☐ ৪০,০০০ পরিবারকে বসতবাড়ী ভিত্তিক সবজি, মাছ ইত্যাদি উৎপাদন কৌশলের উপর প্রশিক্ষণ প্রদান ও প্রদর্শণ করা। ☐ কমপক্ষে ১৯,৪৩৪ টি অতি দরিদ্র পরিবার যাতে আয় বৃদ্ধির জন্য কাজ করতে পারে, সে লক্ষ্যে তাদেরকে ‘এ্যাসেট ট্রান্সফারের’ মাধ্যমে সহায়তা প্রদান করা। ☐ ২০,০০০ পরিবারকে উচ্চ মূল্যের সবজি ও মাছ উৎপাদন ও বাজারজাতকরণে দক্ষ করে তোলা। ☐ আর্থিকভাবে দরিদ্র তরুণ/তরুণী ও অন্যদের নিয়ে গঠিত ৪০০ গ্রুপের মাঝে গ্রাম ভিত্তিক সঞ্চয় ও ঋণপ্রদান কর্মকান্ড পরীক্ষামূলকভাবে পরিচালনা করা।

লক্ষ্যমাত্রা ঃ ৮০,০০০ পরিবার	
৩। দুর্যোগ ঝুঁকি হ্রাস ঃ কর্মসূচী এলাকার পরিবারসমূহকে দুর্যোগকালীন সময়ে তাদের জীবন ও সম্পদ রক্ষা এবং দুর্যোগ শেষে দ্রুত জীবিকা অর্জন মূলক কাজ শুরু করতে সক্ষম করে তোলা। লক্ষ্যমাত্রাঃ ৩,৭৩,৪৭০ পরিবার	□ ৮১৯টি অতি ঝুঁকিপূর্ণ গ্রামের জনগণকে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দুর্যোগ ঝুঁকি হ্রাসে প্রস্ততত করা (যেমন দুর্যোগ ঝুঁকি ও সম্পদের মানচিত্র, কন্টিনজেন্সি প্ল্যান, ভলান্টিয়ার প্রশিক্ষণ) □ ১১টি নতুন ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ এবং আরো ১২৪টি ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র ও কিল্লা সংস্কার বা পুনঃনির্মাণ করা। □ ১০০ টি গ্রামে 'সেফটি নেট' কর্মসূচীর অংশ হিসাবে 'কাজের বিনিময়ে খাদ্য'/'কর্মসৃজন কার্যক্রম' গ্রহণ এবং দুর্যোগ ঝুঁকি হ্রাসের জন্য প্রয়োজনীয় সম্পদ ও অবকাঠামো গড়ে তোলা এবং এসব কার্যক্রমের মাধ্যমে ৩৬ লক্ষ কর্মদিবস সৃষ্টি করা। □ ঘূর্ণিঝড়ের গতিপথ ও স্থলভাগে এর আঘাত হানার সঠিকতা নিরূপণ এবং কমিউনিটি পর্যায়ে এ বিষয়ে 'আগাম সতর্কীকরণের' পরীক্ষামূলক কার্যক্রম পরিচালনা করা।

কৌশলগত উদ্দেশ্যেসমূহের বর্ণনাঃ

কৌশলগত উদ্দেশ্য ১-এর বর্ণনাঃ

বরিশালে প্রায় ৪৭% পাঁচ বছরের নীচের শিশু খর্বাকৃতি বা দীর্ঘস্থায়ী অপুষ্টিতে ভুগছে। এ অবস্থা শুধুমাত্র বর্তমানের খাদ্য নিরাপত্তাহীনতার লক্ষণই নয়, অধিকন্তু ভবিষ্যতে এসব শিশুর স্বল্প মানসিক বিকাশের ইঙ্গিতও বহন করে। **নব জীবন** ভিলেজ হেলথ কমিটির মাধ্যমে ৫ বছর বয়সের নীচের শিশুর যত্ন সম্পর্কিত আচরণ পরিবর্তন, পরিবারের সদস্যদের মধ্যে সম খাদ্য বন্টন, সরকারী ও বেসরকারী সংস্থায় সমন্বিত মা ও শিশুর স্বাস্থ্য ও পুষ্টি সেবা এবং তথ্য প্রদানের জন্য কাজ করছে। এ কর্মসূচী থেকে যেসব পরিবারে গর্ভবতী মহিলা, দুগ্ধদানকারী মা এবং ২ বছরের নীচের শিশু আছে, তাদের জন্য খাদ্য রেশনের (নিচে প্রদত্ত টেবিল দেখুন) ব্যবস্থা আছে, যদি তারা নির্ধারিত অত্যাবশ্যকীয় মা-শিশু স্বাস্থ্য ও পুষ্টি সেবা এবং আচরণ পরিবর্তনের উঠান বৈঠকে অংশগ্রহণ করেন। এ কর্মসূচী আচরণ পরিবর্তন বিষয়ক তথ্য প্রদানের বিভিন্ন কার্যক্রম, পুষ্টি বিষয়ক জ্ঞান ও চর্চা, অসুস্থ শিশুর পারিবারিক পর্যায়ে যত্ন এবং পরিষ্কার-পরিচ্ছন্নতা (ব্যক্তি ও পারিপার্শ্বিক) উন্নয়নে সহায়তা করছে।

মাসিক পুষ্টি রেশনের পরিমাণ টেবিলঃ

বিবেচ্য বিষয়	গম	ডাল	ভেজ অয়েল
গর্ভবতী/দুগ্ধ দানকারী মা	৬ কেজি	০.৯০ কেজি	০.৬০কেজি
৬ থেকে ২৪ মাস বয়সের শিশু	২.২৫ কেজি	০.৪৫ কেজি	০.৩০ কেজি
মন্দা মৌসুমে ৩ সদস্যের পরিবার	৬.৭৫ কেজি	-	০.৪৫ কেজি

কৌশলগত উদ্দেশ্য ২-এর বর্ণনাঃ

উপকূলবর্তী বরিশাল অঞ্চলে প্রতিকূল পরিবেশের মধ্যে বেঁচে থাকার তাগিদে দরিদ্র ও অতি দরিদ্র জনগোষ্ঠী তাদের জীবিকার জন্য বিভিন্ন ধরণের বা বহমূখী কৌশল অবলম্বন করে থাকেন। এই বিষয়াটিকে বিবেচনায় রেখে **নব জীবন** বাজার ভিত্তিক উৎপাদন ও আয়বৃদ্ধিমূলক কর্মকান্ড গ্রহণ করছে, যাতে দরিদ্র ও অতি দরিদ্র পরিবারসমূহ সহজে খাদ্য সংগ্রহ করতে পারে। আয়বৃদ্ধিমূলক কাজের একটি কৌশল হচ্ছে, কৃষি উৎপাদন ও আর্থিক লাভ বৃদ্ধি করা।

এই উদ্দেশ্যে **নব জীবন** উৎপাদনকারীদের দল তৈরি করে তাদের কারিগরী দক্ষতা উন্নয়ন করছে; যাতে তারা বর্ধিত হারে সবজি, মাছ, মুরগী অথবা অকৃষি পণ্য উৎপাদন করতে পারেন। **নব জীবন** এসকল দলের সাথে বাজার ব্যবস্থার সংযোগ তৈরীতে সহায়তা করছে। প্রান্তিক জনগোষ্ঠী যাতে খাস সম্পদে (ভূমি, জলাভূমি ইত্যাদি) গম্যতা পায়, সেজন্য **নব জীবন** কাজ করছে এবং গ্রামভিত্তিক সঞ্চয় ও ঋণ প্রদানের একটি মডেল পরীক্ষামূলকভাবে পরিচালনা করবে। প্রকল্প এলাকার ৮০,০০০ দরিদ্র ও অতি দরিদ্র পরিবারকে উপরোল্লিখিত কর্মকান্ডে সম্পৃক্ত করার পরিকল্পনা করা হয়েছে। এদের মধ্য হতে প্রায় ২০,০০০ অতি দরিদ্র পরিবারকে আয়বৃদ্ধিমূলক কাজের জন্য উৎপাদন উপকরণ দিয়ে সহায়তা করা হবে। অতিরিক্ত অর্থনৈতিক সুফল যেমন মানসম্মত উৎপাদন উপকরণ ও সেবার প্রাপ্যতা; উন্নততর বাজার কর্মকান্ড; উন্নততর বাজার অবকাঠামো; উন্নততর উৎপাদন কৌশল ইত্যাদি থেকে পরোক্ষভাবে অতিরিক্ত ১০০,০০০ পরিবার উপকৃত হবে।

কৌশলগত উদ্দেশ্য ৩-এর বর্ণনাঃ

বরিশাল বিভাগের বেশ কিছু অঞ্চল নানাবিধ প্রাকৃতিক দুর্যোগের জন্য বিশেষভাবে চিহ্নিত এবং সাম্প্রতিক কালের ঘূর্ণিঝড়সমূহ ও এর ক্ষয়ক্ষতি এ অঞ্চলের দুর্যোগের ভয়াবহতা আমাদের সামনে পুনরায় তুলে ধরেছে। কৌশলগত উদ্দেশ্য ৩-এর কার্যক্রমসমূহ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে মূল কর্ম এলাকার সকল খানাকে (আনুমানিক ৩৭৩,৪৭৩ খানা) দুর্যোগ প্রস্তুতি বা নিরসনে সহায়তা করবে। কর্ম এলাকার ৪৪টি অতি ঝুঁকিপূর্ণ ইউনিয়নের সকল খানা দুর্যোগ প্রশমনের সুবিধা পাবে। মন্দা মৌসুমে কাজের বিনিময়ে খাদ্য বা কর্মসৃজন কার্যক্রম গ্রহণের মাধ্যমে গরীব পরিবারসমূহকে সেফটি নেট-এর আওতায় আনা হচ্ছে। অনুরূপভাবে এ সকল কাজের মাধ্যমে যে অবকাঠামোসমূহ তৈরি হবে, তা দুর্যোগ প্রশমনে সহায়তা করবে। সেভ দ্যা চিলড্রেন বর্তমানে বহুমুখী সংস্থাসমূহের দুর্যোগ প্রস্তুতি নেটওয়ার্কের সাথে কর্মসম্পৃক্ত থাকার কারণে কর্মসূচীর নয়টি উপজেলার বাইরেও এ অঞ্চলের অন্যান্য এলাকার জনসাধারণ দুর্যোগ বিষয়ক সহায়তা পাবে (যেমন, আগাম ঘূর্ণিঝড় সতর্কতা বিষয়ে জনসাধারণকে জানানো)। প্রসঙ্গত উল্লেখ্য, বৃহত্তর বরিশাল বিভাগের অনেক এলাকা (যা **নব জীবন** কর্মসূচীর মধ্যে নয়) Emergency Contingency Plan and Response কার্যক্রমের টার্গেট এলাকা হিসাবে বিবেচিত হবে।

নব জীবন কর্মসূচীর স্টিয়ারিং কমিটিঃ

সরকারের বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগ, ইউএসএআইডি এবং সেভ দ্যা চিলড্রেনের প্রতিনিধির মাধ্যমে গঠিত একটি দক্ষ স্টিয়ারিং কমিটি **নব জীবন** বাস্তবায়নে আন্তঃমন্ত্রণালয়ের সহায়তা নিশ্চিত করবে। স্টিয়ারিং কমিটি নিম্নরূপ:

- ✓ Secretary, Disaster Management and Relief Division, MoFDM
- ✓ Additional Secretary, DMRD, MoFDM
- ✓ Joint Secretary (Relief), DMRD, MoFDM
- ✓ Joint Secretary (Disaster Management), DMRD, MoFDM

- ✓ Representatives from -
  Ministry of Health & Family Planning, Agriculture, Fisheries & Livestock, Women and Children Affairs, Food Division, ERD, Finance Division, Local Government Division, NGO Affairs Bureau, CPP.
- ✓ Director General-
  Department of Food, Department of Relief & Rehabilitation, Disaster Management Bureau
- ✓ Deputy Chief, DMRD, MoFDM
- ✓ Senior Assistant Chief, DMRD, MoFDM
- ✓ Representative of USAID
- ✓ Representative of Save the Children

USAID আমেরিকার জনগণের পক্ষ থেকে | Save the Children

কর্মসূচী বাস্তবায়নে অংশীদারী সংস্থাসমূহঃ

নব জীবন -এ ৩টি আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা কারিগরী সহায়তা প্রদান করছে। সংস্থাগুলো হলোঃ

- Hellen Keller International (HKI)
- International Development Enterprise (IDE)
- WorldFish Center

এই কর্মসূচী বাস্তবায়নে নিম্নোক্ত ৪টি এনজিও প্রত্যক্ষ সহায়তা প্রদান করছে।

- Community Development Centre (CODEC)
- Gono Unnayan Prochesta (GUP)
- Speed Trust
- South Asia Partnership, Bangladesh (SAP Bangladesh)

উপজেলা ভিত্তিক খানা সংখ্যা (যারা কর্মসূচীর সহায়তা পাবে):

জেলা	উপজেলা	খানা	পার্টনার এনজিও
বরিশাল	বরিশাল সদর	২৩,৭০৬	CODEC
	হিজলা	৩৪,২৪৪	GUP
	মেহেন্দিগঞ্জ	৫৯,০৬২	GUP
পটুয়াখালী	গলাচিপা	৩৬,০৩৭	SAP Bangladesh
	রাঙাবালি	১৮,৭৩৭	SAP Bangladesh
	দশমিনা	২৬,৬১৬	Speed Trust
	কলাপাড়া	৪১,৫৭১	Speed Trust
বরগুনা	আমতলী	৫৭,৫২৩	CODEC
	বরগুনা সদর	৪১,১৬১	SAP Bangladesh
	পাথরঘাটা	৩৪,৮১৩	SAP Bangladesh
মোট		**৩,৭৩,৪৭০**	

কর্মসূচীর বাজেট ও উৎস ঃ

পাঁচ বছর ব্যাপী **নব জীবন-এর** সর্বমোট বাজেট ও উৎস নিম্নরুপঃ

ক.	মার্কিন যুক্তরাষ্ট্র সরকারের প্রকল্প অনুদান (নগদ অর্থ ও খাদ্য)	টাকা	৩৫৩,৫৪,১৬,৩৫৬
খ.	বাংলাদেশ সরকারের সহায়তা	টাকা	২১,১৩,০৪,২৮৭
গ.	সেভ দ্য চিলড্রেন-ইউএসএ এর সহায়তা	টাকা	৪,২৮,১১,৭৪০
	কর্মসূচীর সর্বমোট বাজেট	**টাকা**	**৩৭৮,৯৫,৩২,৩৮৩**

যোগাযোগ:

নাম	পদবী	ঠিকানা ও ফোন নম্বর
জন উইলিয়াম মায়ার	চিফ অব পার্টি	সেভ দ্যা চিলড্রেন বাড়ি # ৩৫, রোড # ৪৩, গুলশান - ২, ঢাকা - ১২১২ ফোন # ০২-৮৮৩৪০৯২, ০২-৯৮৯৫৭৯৮
মাহাবুব হাসান	ম্যানেজার - ফিল্ড অপারেশনস	সেভ দ্যা চিলড্রেন ইম্প্যাক্ট এরিয়া অফিস দক্ষিণ আলেকান্দা, বাংলা বাজার বরিশাল ফোন # ০৪৩১-২১৭৬০৬৮, ২১৭৬০৪১
সুব্রত সরকার	ডেপুটি ম্যানেজার- ফিল্ড অপারেশনস	সেভ দ্যা চিলড্রেন ২৪৩ রাজিয়া ম্যানসান কলেজ রোড, পটুয়াখালী ফোন # ০৪৪১-৬৩৬৬১, ৬৩৬৫২
লিয়াকত আলী খান	ডেপুটি ম্যানেজার- ফিল্ড অপারেশনস	সেভ দ্যা চিলড্রেন দক্ষিণ মনসাতলী মনির চেয়ারম্যানের বাড়ি বরগুনা ফোন # ০৪৪৮-৫১০১৪
এ. এন. এম. ওয়াহিদ	টিম লিডার	কোডেক বরিশাল সদর উপজেলা অফিস সেভেন টাওয়ার পুলিশ লাইন রোড ওয়াই ডব্লিউ সি এ স্কুল লেইন বরিশাল
আহমেদ-উন-নবী	টিম লিডার	কোডেক

নাম	পদবী	ঠিকানা ও ফোন নম্বর
		আমতলী প্রজেক্ট অফিস রানী মহল, আমতলী বরগুনা
মাধবী হোসেন	টিম লিডার	স্পীড ট্রাস্ট কলাপাড়া উপজেলা অফিস কলেজ রোড, কলাপাড়া, পটুয়াখালী
মোঃ আনিসুর রহমান	টিম লিডার	স্পীড ট্রাস্ট দশমিনা উপজেলা অফিস পূজাখোলা, দশমিনা পটুয়াখালী
মনিরুজ্জামান	টিম লিডার	এসএপি বাংলাদেশ গলাচিপা উপজেলা অফিস আলেয়া ভবন, সামুদাবাদ রোড, গলাচিপা পটুয়াখালী
মির্জা আব্দুল হাই	টিম লিডার	এসএপি বাংলাদেশ বরগুনা সদর উপজেলা অফিস ডিকেপি রোড, বরগুনা সদর বরগুনা
রাখাল চন্দ্র দাস	টিম লিডার	এসএপি বাংলাদেশ পাথরঘাটা উপজেলা অফিস সাংতাই প্লাজা, পাথরঘাটা বরগুনা
মোঃ দেলোয়ার হোসেন	টিম লিডার	গণ উন্নয়ন প্রচেষ্টা মেহেন্দিগঞ্জ উপজেলা অফিস ফারুক কন্ট্রাক্টারের বাড়ি গ্রাম: খারকি, ওয়ার্ড # ০৮ মেহেন্দিগঞ্জ পৌরসভা মেহেন্দিগঞ্জ, বরিশাল

নাম	পদবী	ঠিকানা ও ফোন নম্বর
		ফোন # ০৪৩২-৫৫৬১৪২
এইচ. এম. সোলায়মান কবির	টিম লিডার	গণ উন্নয়ন প্রচেষ্টা হিজলা উপজেলা অফিস খুন্না বাজার হিজলা, বরিশাল